



স্মারক নং-বাউবি/এসএসএস/জেনা/সকল/প্রোগ্রাম/১৪৩(০১)/২০২১/৮৩

তারিখ ২০-০৪-২০২২

প্রজ্ঞাপন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিভিন্ন প্রোগ্রাম-এ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. এসএসসি প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অষ্টম শ্রেণি উত্তীর্ণ প্রার্থীর সর্বনিম্ন বয়স হবে ৩১/১২/১৯৯৭ তারিখ। এদের ভর্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ এবং এনআইডি অবশ্যই সংযুক্ত করতে হবে। যাদের বয়স ৩১/১২/১৯৯৭ এর পর হবে, তাদের ক্ষেত্রে অবশ্যই জেএসসি সার্টিফিকেট দাখিল করতে হবে। এই জেএসসি সার্টিফিকেট ভর্তি কর্মকর্তাকে অনলাইনে চেক করতে হবে। এক্ষেত্রে জন্মনিবন্ধন এবং এনআইডি সনদ প্রয়োজন হবে না।
২. সাধারণতঃ আরআরসি এবং এসআরসি প্রধান বাউবির সকল প্রোগ্রামের ভর্তি কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে কোন কারণে ভর্তি কর্মকর্তার দায়িত্ব অন্য কাউকে অর্পণ করতে হলে তা পরিচালক এসএসএস-এর অনুমতি সাপেক্ষে করতে হবে।
৩. ভর্তি কর্মকর্তা OSAPS-এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের সনদপত্র যাচাই করে আইডি জেনারেশন করবেন। যেকোনো প্রোগ্রামের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরবর্তী ১৫দিনের মধ্যে আইডি জেনারেশন করতে হবে।
৪. আইডি জেনারেট প্রক্রিয়া সম্পন্ন করার পূর্ব মুহূর্ত পর্যন্ত সংশ্লিষ্ট ভর্তি কর্মকর্তা শিক্ষার্থীদের প্রোফাইল এডিট (edit) করতে পারবেন। ICT ইউনিট এ বিষয়ে প্রয়োজনীয় প্রযুক্তিগত সুবিধা নিশ্চিত করবেন। তবে ICT ইউনিট প্রত্যেকটি কাজের Log সংরক্ষণ করবে।
৫. যে সকল প্রোগ্রামের ভর্তি প্রক্রিয়া OSAPS-এর মাধ্যমে ইতোপূর্বে সম্পন্ন হয়েছে, তাদের আগামী ২১/০৪/২০২২ তারিখের মধ্যে আইডি জেনারেশন শেষ করতে হবে।
৬. আইসিটি ইউনিট OSAPS ভর্তি প্রক্রিয়ায় পাঠ সামগ্রীর চাহিদার অপশন রাখবে। উক্ত চাহিদাপত্র অনুযায়ী ভর্তি কর্মকর্তা পাঠ সামগ্রীর চাহিদা এসএসএস বিভাগে প্রেরণ করবেন। এসএসএস বিভাগ পাঠ সামগ্রীর চাহিদাটি পিপিডি বিভাগে অগ্রায়ন করবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



(ড. আনিস রহমান)

পরিচালক

এসএসএস বিভাগ, বাউবি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/আঞ্চলিক এন্ড কার্যালয়	
তারিখঃ	২০/০৪/২০২২
কর্তাঃ	২৪/৪/২২
সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/প্রোগ্রামার	
সহ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার	
প্রশাসনিক কর্মকর্তা/সহ প্রোগ্রামার (BMS)	

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ :

১. রেজিস্ট্রার, বাউবি।
২. ডীন, সকল (.....), বাউবি।
৩. পরিচালক, অর্থ ও হিসাব, বাউবি।
৪. পরিচালক, পিপিডি বিভাগ, বাউবি।
৫. সিস্টেম ম্যানেজার, কম্পিউটার বিভাগ, বাউবি (ওয়েব পেইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সর্বিনয় অনুরোধ জানাচ্ছে)।
৬. আইসিটি প্রধান, আইসিটি ইউনিট, বাউবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।
৭. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কেন্দ্র(সকল উপ-আঞ্চলিক কেন্দ্র এবং স্টাডি সেন্টারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
৮. একান্ত সচিব, উপাচার্য মহোদয়ের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
১০. উপ-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাউবি।
১১. একান্ত সচিব, ট্রেজারার দপ্তর, বাউবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।

I:\My Drive\F\Latest\SSS\Official Letter\Official Letter.doc

280

